

AKASHVANI (AIR)
RNU : KOLKATA
Bengali Text Bulletin

Date: 13.11.2024

Time: 7.50 P.M.

বিশেষ বিশেষ খবর –

১) বিক্ষিপ্ত কিছু ঘটনা ছাড়া রাজ্যের ৬-টি বিধানসভা আসনের উপনির্বাচনে ভোট গ্রহণ মোটের ওপর শান্তিপূর্ণভাবে শেষ হয়েছে। পুলিশকে কাজে লাগিয়ে হিংসার অভিযোগ বিরোধীদের।

২) পাহাড়ে পর্যটনের বিকাশে রাজ্য সরকার লাগাতার কাজ করছে বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন।

৩) তরুণের স্বপ্ন প্রকল্পে ট্যাবের টাকা নিয়ে দুর্নীতি এড়াতে যাবতীয় তথ্য পড়ুয়াকে নিজেকেই পোর্টালে আপলোড করতে হবে বলে জানিয়েছে রাজ্যের শিক্ষা দফতর।

৪) প্রধানমন্ত্রী কলকাতার কুঁদঘাট মেট্রো স্টেশন সহ বিভিন্ন স্টেশনে ১৮-টি প্রধানমন্ত্রী জনৌষধী কেন্দ্রের উদ্বোধন করেছেন।

৫) ইন্দোরে রঞ্জি ট্রফির খেলায় বাংলা মধ্যপ্রদেশের মুখোমুখি হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যের ৫ জেলার ৬ টি বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনে বিক্ষিপ্ত কিছু গোলমালের খবর পাওয়া গেলেও মোটের ওপর ভোটপর্ব শান্তিপূর্ণই ছিল। শেষ খবর পাওয়া পর্যন্ত গড়ে ভোট পড়েছে- ৬৯ দশমিক ২/৯ শতাংশ। এর মধ্যে সবচেয়ে বেশি ভোট পড়েছে বাঁকুড়ার তালডাংরায় ৭৫ শতাংশের বেশি। উত্তর ২৪ পরগণার হাড়োয়ায় প্রায় ৭৪ শতাংশ, নৈহাটিতে ৬২ শতাংশের বেশি, পশ্চিম মেদিনীপুরে মেদিনীপুরে ৭১ দশমিক ৮/৫ শতাংশ, কোচবিহারের সিতাই সংরক্ষিত আসনে ৬৬ দশমিক ৩/৫ শতাংশ, আলিপুরদুয়ারের মাদারিহাট সংরক্ষিত আসনে ৬৪ শতাংশের বেশি ভোট পড়েছে। একটি প্রতিবেদন-

(ভয়েসকাস্ট – অভিরূপ)

বিক্ষিপ্ত গোলমালের খবর পাওয়া গেছে উত্তর ২৪ পরগণার হাড়োয়া এবং নৈহাটি কেন্দ্রে। আমাদের জেলা প্রতিনিধি জানাচ্ছেন,

(ভয়েসকাস্ট – পল্লব)

এদিকে, উত্তর ২৪ পরগণার ভাটপাড়া পুরসভার ১২ নম্বর ওয়ার্ডে প্রাক্তন তৃণমূল কংগ্রেস ওয়ার্ড সভাপতি অশোক সাউ-এর হত্যার ঘটনায় নির্বাচন কমিশন এই ঘটনায় প্রশাসনের কাছে রিপোর্ট তলব করেছে বলে খবর।

আলিপুরদুয়ারের মাদারিহাট গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত মুজনাই গ্রামে বিজেপির প্রার্থী আজ বিক্ষোভের মুখে পড়েন। তৃণমূল কংগ্রেসের পক্ষ থেকে তাঁকে গো ব্যাক স্লোগান দেওয়া হয়। ভাংচুর করা হয় তাঁর গাড়িও। এই ঘটনাতেও নির্বাচন কমিশন রিপোর্ট তলব করেছে।

পশ্চিম মেদিনীপুরের শালবনির সাতপাটিতে বিজেপির মন্ডল সভাপতি বাবলু ঘোষকে মারধোরের অভিযোগ উঠেছে তৃণমূল কংগ্রেস আশ্রিত দুষ্কৃতিদের বিরুদ্ধে।

উপ-নির্বাচনে এপর্যন্ত মোট ৩৪২-টি অভিযোগ কমিশনে জমা পড়েছে বলে জানা গেছে। বিজেপি-র পক্ষ থেকে ৬৬-টি অভিযোগ জমা পড়েছে। তৃণমূল কংগ্রেসের অভিযোগের সংখ্যা পাঁচ। কংগ্রেস ও সি পি আই এম ৩-টি করে অভিযোগে নির্বাচন কমিশনে জানিয়েছে। বেশিরভাগই বে-আইনী জমায়েত সংক্রান্ত। অধিকাংশ ক্ষেত্রে

অভিযোগের দ্রুত নিষ্পত্তি করা হয়েছে বলে রাজ্য নির্বাচনী আধিকারিকের দফতর সূত্রে জানা গেছে।

এদিকে, মুখ্য নির্বাচন কমিশনার রাজীব কুমার আজ রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক আরিজ আফতাবকে ফোন করে পরিস্থিতি সম্পর্কে খোঁজ খবর নেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

৬-টি বিধানসভা নির্বাচনে তৃণমূল কংগ্রেসের পরিবর্তে পুলিশ মাঠে নেমেছিল বলে বিজেপি অভিযোগ করেছে। দলের রাজ্য মুখপাত্র সাংসদ শমিক ভট্টাচার্য, আজ কলকাতায় এক সাংবাদিক বৈঠকে বলেন, ৬-টি বিধানসভা কেন্দ্রেই গতরাতে বিজেপি কর্মীদের বেছে বেছে গ্রেফতার করা হয়েছে। স্পর্শকাতর এলাকাগুলিতে কেন্দ্রীয় বাহিনীকে মোতায়েন করা হয়নি।

(বাইট - শমিক)

দেশের অন্যান্য অংশে নির্বাচন হলেও একমাত্র এরাজ্যে ভোটের সময় হিংসার খবর পাওয়া যায় বলে সি পি আই এম-এর কেন্দ্রীয় কমিটির সদস্য সুজন চক্রবর্তী মন্তব্য করেছেন। রাজ্যে পুলিশকে দিয়ে শাসক দল ভোট দখলের ব্যবস্থা করেছে বলে তিনি অভিযোগ করেন।

(বাইট - সুজন)

রাজ্যে ৬-টি বিধানসভা উপ-নির্বাচন প্রহসনে পরিণত হয়েছে বলে প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার মন্তব্য করেছেন। বহু ক্ষেত্রে কংগ্রেসের এজেন্টকেও বুথে বসতে বাধা দেওয়া হয়েছে বলেও তিনি অভিযোগ করেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

মহিলাদের স্বনির্ভর হওয়ার নিরিখে এরাজ্য বিশ্বের মধ্যে শীর্ষে রয়েছে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি জানিয়েছেন। দার্জিলিং-এ আজ সপ্তম সরস মেলার সূচনা করে তিনি

বলেন, রাজ্যে এখন বারো লক্ষ স্বনির্ভর গোষ্ঠী রয়েছে। জিটিএ এলাকায় ১১ হাজার স্বনির্ভর গোষ্ঠী তৈরি করতে রাজ্য সরকার ৫০০ কোটি টাকা খনের ব্যবস্থা করেছে। পড়ুয়া ও যুবদের কথা মাথায় রেখে সরকার একাধিক প্রকল্প হাতে নিয়েছে। পাহাড়ে পর্যটনের বিকাশে রাজ্য সরকার কাজ করেছে। বিশেষ করে হোমস্টে-র সংখ্যা বাড়াতে সরকার তৎপর বলে তিনি জানান।

(বাইট)

ভোটের সময় প্রতিশ্রুতি দিলেও পাহাড়ের উন্নয়নে প্রাপ্য অর্থ কেন্দ্রীয় সরকার দিচ্ছে না বলে তিনি অভিযোগ করেন।

এই অনুষ্ঠানেই তিনি পানীয় জল, স্বাস্থ্য, নার্সিং প্রশিক্ষণ ও অঙ্গনওয়াড়ি কেন্দ্র সহ ৫৬টি প্রকল্পের সরকারি প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করেন। এর জন্য খরচ হচ্ছে ১৬১ কোটিরও বেশি টাকা।

মুখ্যমন্ত্রী আজ দার্জিলিং-এর পদ্মজা নাইডু জুওলজিক্যাল পার্কে দুটি তুষার চিতা শাবক ও চারটি রেড পান্ডার নামকরণ করেন।

○○○○○○○○○○○○○○○○○○○○○○○○○○○○○○

আর জি কর ইস্যুতে দ্রুত ন্যায় বিচারের দাবিতে আগামী শুক্রবার গন কনভেনশনের ডাক দিয়েছে সার্ভিস ডক্টরস ফোরাম এবং নার্সেস ইউনিটি। মৌলালি যুব কেন্দ্র অডিটোরিয়ামে এই গন কনভেনশনে একাধিক সংগঠনের প্রতিনিধিরাও যোগ দেবেন বলে জানা গেছে।

000000000000000000000000

বর্ধমান মেডিকেল কলেজ হাসপাতাল আজ পরিদর্শন করেন স্টেট সিকিউরিটি কমিটির প্রধান সুরজিৎ কর পুর কায়স্থ।

এর আগে জেলাশাসকের দপ্তরে উচ্চ পর্যায়ের বৈঠক হয়। বৈঠকে বর্ধমান,আরামবাগ এবং রামপুরহাট মেডিকেল কলেজের নিরাপত্তা নিয়ে আলোচনা হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

উৎসবের মরশুম এবং সাম্প্রতিককালে জনস্বার্থে রেল কি কি ব্যবস্থা নিয়েছে সেই নিয়েই শোনা যাবে একটি আলোচনা 'জনস্বার্থে রেল'। অনুষ্ঠানে অংশ নিয়েছেন পূর্ব রেলের মুখ্য জনসংযোগ আধিকারিক কৌশিক মিত্র ও দক্ষিণ পূর্ব রেলের জনসংযোগ আধিকারিক সোপান দত্ত। সঞ্চালনায় সুস্মিতা মণ্ডল। সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শোনা যাবে আজ রাত সাড়ে নটায় গীতাঞ্জলী, ১০৭ প্রচারতরঙ্গ এবং DTH বাংলায়।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

তরুনের স্বপ্ন প্রকল্পে ট্যাবের টাকা নিয়ে দুর্নীতির ঘটনা এড়াতে এখন থেকে এই সংক্রান্ত যাবতীয় তথ্য পড়ুয়াকে নিজেকেই পোর্টালে আপলোড করতে হবে। তথ্য ঠিকমত আপলোড হল কিনা পড়ুয়ারা যেন তা যাচাই করতে পারে সেই পথও খোলা থাকবে বলে রাজ্য শিক্ষা দপ্তর সূত্রে জানা গিয়েছে। প্রয়োজনে পোর্টালটিকে আরও সুরক্ষিত করে তুলতে আধুনিকীকরণও করা হবে। এই দুর্নীতির ঘটনায় পুলিশের পাশাপাশি ন্যাশনাল ইনফরমেটিক্স সেন্টারকেও বিষয়টি দেখতে বলা হয়েছে। ইতিমধ্যে একটি মান্য কার্যবিধি তৈরি করা হয়েছে বলে জানিয়েছে সংস্থা। উল্লেখ্য এই ঘটনায় এখনও পর্যন্ত রাজ্যের বিভিন্ন জায়গা থেকে ৯ জনকে গ্রেপ্তার করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

তরুণের স্বপ্ন প্রকল্পে রাজ্য সরকারের ট্যাব বিতরণে কেলেঙ্কারীর ঘটনায় পুলিশ উত্তর দিনাজপুরের চোপরা থানা এলাকা থেকে আরও দুজনকে গ্রেপ্তার করেছে। বেহালার সরশুনা থানায় দায়ের করা এক অভিযোগের ভিত্তিতে ধৃত কৃষ্ণপদ বর্মণ ও সারিফুল ইসলামকে আজ ট্রানজিট রিমান্ডের জন্য ইসলামপুর আদালতে তোলা হয়।

এদিকে, ট্যাব কাণ্ডে মালদা থেকে আরো চারজনকে গ্রেফতার করেছে পূর্ব বর্ধমান জেলা পুলিশ। এর আগে এই ঘটনায় ধৃত হাসেন শেখকে জেরা করে এদের সন্ধান মেলে। গত রাতে অভিযান চালিয়ে পিন্টু শেখ, জামাল সেখ, শ্রবন সরকার এবং রকি সেখ নামে চারজনকে ধরা হয়।

পুলিশ সুপার সাইক দাস জানিয়েছেন, ধৃত রকি, মালদার ভগবানপুর কেবিএস হাইস্কুলের চুক্তিভিত্তিক কম্পিউটার শিক্ষক। তার বিরুদ্ধে একাধিক স্কুলের অ্যাকাউন্টে লগ ইন ক্রেডেনশিয়াল সরবরাহ করার অভিযোগ রয়েছে, যা অর্থ তহরুপে সহায়তা করেছে বলে প্রাথমিক তদন্তে উঠে এসেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ সারা দেশের বিভিন্ন রেলস্টেশনে ১৮ টি প্রধানমন্ত্রী ভারতীয় জনৌষধি কেন্দ্র জাতির উদ্দেশ্যে উতসর্গ করেছেন। বিহারের দ্বারভাঙ্গা থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে শ্রী মোদী এই জনৌষধি কেন্দ্র সহ একাধিক উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন করেন।

এর মধ্যে কুঁদঘাট অঞ্চলে নেতাজি মেট্রো স্টেশন চত্বরের একটি জনৌষধি কেন্দ্র। এই উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কলকাতা মেট্রো রেলের জেনারেল ম্যানেজার পি উদয় কুমার রেড্ডি, কলকাতা মেট্রো তথা পূর্ব রেলের মুখ্য জনসংযোগ আধিকারিক কৌশিক মিত্র সহ বিশিষ্ট ব্যক্তির।

শ্রী মোদী বলেন, দেশে স্বাস্থ্য পরিকাঠামো সুদৃঢ় করতে সরকার সার্বিকভাবে কাজ চালিয়ে যাচ্ছে। অর্থনৈতিক দিক থেকে পিছিয়ে পড়া শ্রেণীর জন্য দেড় লক্ষের বেশী আয়ুশ্মান আরোগ্য মন্দির খোলা হয়েছে বলেও প্রধানমন্ত্রী জানান।

(বাইট – প্রধানমন্ত্রী)

০০০০০০০০০০০০০০০০০০০০০০

উত্তর ২৪ পরগণার ভাটপাড়া পুরসভার ১২ নম্বর ওয়ার্ডের প্রাক্তন তৃণমূল কংগ্রেস ওয়ার্ড সভাপতি অশোক সাউ-কে গুলি করে হত্যার অভিযোগ উঠেছে দুষ্কৃতিদের বিরুদ্ধে। আজ সকালে পালঘাট রোড এলাকায় দোকানে চা খাওয়ার সময় কয়েকজন দুষ্কৃতি তাঁকে গুলি করে। যাওয়ার সময় তারা বোমাও ফাটায়। আশঙ্কাজনক অবস্থায় অশোক সাউকে কলকাতার একটি বেসরকারি হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসকরা মৃত ঘোষণা করেন।

এই ঘটনায় পুলিশ কওসর আলি নামে একজনকে গ্রেফতার করা হয়েছে। কওসর প্রত্যক্ষভাবে এর সঙ্গে জড়িত বলে পুলিশ জানিয়েছে।

এই ঘটনাকে কেন্দ্র করে শুরু হয়েছে রাজনৈতিক তর্জা। ভাটপাড়ার বিজেপি নেতা প্রাক্তন সাংসদ অর্জুন সিং এই ঘটনাকে তৃণমূলের গোষ্ঠী দ্বন্দ্ব বলে অভিযোগ করেন।

ব্যারাকপুরের তৃণমূল কংগ্রেস সাংসদ পার্থ ভৌমিক বলেন, দুষ্কৃতিদের মধ্যে গন্ডগোলের জেরে এই হত্যা। এর সঙ্গে তৃণমূলের কোন সম্পর্ক নেই।

oooooooooooooooooooooooooooo

দক্ষিণ কলকাতায় প্রিন্স আনোয়ার শাহ রোডে লর্ডস মোড়ের কাছে একটি বাজারে আজ দুপুর সাড়ে তিনটে নাগাদ আগুন লাগে। খুব দ্রুত পার্শ্ববর্তী বুপড়ি এলাকায় আগুন ছড়িয়ে পড়ে। দমকলের ১৬টি ইঞ্জিন ঘটনাস্থলে পৌঁছে ৪-টে নাগাদ আগুন নিয়ন্ত্রণে আনে। হতাহতের খবর নেই। ঠিক কি কারণে আগুন লেগেছে, পুলিশ তা তদন্ত করে দেখছে।

oooooooooooooooooooooooooooo

ইন্দোরে চারদিনের রঞ্জি ট্রফি ম্যাচের প্রথম দিনে আজ বাংলার বিরুদ্ধে মধ্য প্রদেশ প্রথম ইনিংসে এক উইকেটে ১০৩ রান করেছে। শুভ্রাংশু সেনাপতি ৪৪ এবং রজত পাতিদার ৪১ রানে অপরাজিত আছেন।

এর আগে টসে জিতে মধ্য প্রদেশ, বাংলাকে ব্যাট করতে পাঠায়। বাংলার প্রথম ইনিংস ২২৮ রানে শেষ হয়ে যায়। শাহবাজ আহমেদ ৯২, অনুষ্টিপ মজুমদার ৪৪ রান করেন। আরিয়ান পাণ্ডে ও কুলওয়ন্ত খেজরোলিয়া চারটি করে উইকেট নিয়েছেন।

oooooooooooooooooooooooooooo

oooooooooooooooooooooooooooo